



ডিন অফিস, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০(অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

ই-মেইল: artsfaculty1921@gmail.com

তারিখ: ২৩ জানুয়ারি ২০১৯  
১০ মাঘ ১৪২৫

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭ কলেজ  
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৮-২০১৯

## বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও বাণিজ্য ইউনিট থেকে যে সকল শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭ কলেজের ভর্তি-পরীক্ষায় অবতীর্ণ হয়ে মেধা তালিকায় স্থান পেয়েছে তাদের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের বিষয়সমূহে ভর্তির জন্য নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করে আগামী ২৬ জানুয়ারি ২০১৯ তারিখ দুপুর ১২টা থেকে ২৯ জানুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৫টা পর্যন্ত অনলাইনে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম (Choice Form) পূরণের জন্য বলা হচ্ছে। উল্লিখিত সময়ের পরে পছন্দক্রম ফরম পূরণের আর কোনো সুযোগ থাকবে না।

বিজ্ঞান ইউনিট :

- ক. মেধাক্রম ০১ থেকে ১২৪৪১ এর মধ্যে যেসকল শিক্ষার্থী বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য কলেজ ও বিষয় পছন্দক্রম দিয়ে কলেজ ও বিষয় পেয়েছে তারা কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম (Choice Form) পূরণের সুযোগ পাবে না।  
তবে যেসব শিক্ষার্থী উক্ত মেধাক্রমের মধ্যে থাকা সত্ত্বেও বিজ্ঞান ইউনিটে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করে কলেজ ও বিষয় পায়নি তাদেরকে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে বলা হচ্ছে।
- খ. মেধাক্রম ১২৪৪২ থেকে ১৭,৫৮০ পর্যন্ত সকল শিক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম (Choice Form) পূরণ করতে পারবে।

বাণিজ্য ইউনিট :

- ক. মেধাক্রম ০১ থেকে ১০০০০ এর মধ্যে যেসকল শিক্ষার্থী বাণিজ্য ইউনিটে ভর্তির জন্য কলেজ ও বিষয় পছন্দক্রম দিয়ে কলেজ ও বিষয় পেয়েছে তারা কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম (Choice Form) পূরণের সুযোগ পাবে না।  
তবে যেসব শিক্ষার্থী উক্ত মেধাক্রমের মধ্যে থাকা সত্ত্বেও বাণিজ্য ইউনিটে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করে কলেজ ও বিষয় পায়নি তাদেরকে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে বলা হচ্ছে।
- খ. মেধাক্রম ১০০০১ থেকে ১৮,৫৫৮ পর্যন্ত সকল শিক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য কলেজ ও বিষয় পছন্দক্রম ফরম (Choice Form) পূরণ করতে পারবে।

এখানে উল্লেখ্য যে, কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের জন্য নির্ধারিত বিষয়সমূহের মোট আসনের শতকরা ২০ ভাগ (বিজ্ঞান ১৫% + বিজনেস স্টাডিজ ৫%) অন্যান্য ইউনিটের জন্য বরাদ্দ রাখা হয়েছে। মেধানুযায়ী এই সীমিত সংখ্যক আসন পূরণ করা হবে।

ইউনিট পরিবর্তনের ফলাফল শিক্ষার্থীদের পরে ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৮-২০১৯